রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৩০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-৪ শাখা**

নং ২৬.০০.০০০০.১০৩.২২.০০২.২০.৩৮ তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৯/১৯ ফেব্রুয়ারি ২০২৩

## সিআইপি (রপ্তানি ও ট্রেড) নীতিমালা-২০২৩

জাতীয় অর্থনীতিকে সমৃদ্ধ ও সুসংহত করার স্বার্থে অভ্যন্তরীণ ব্যবসা-বাণিজ্য সমৃদ্ধকরণ, রপ্তানি বাণিজ্য উন্নয়ন ও সম্প্রসারণ এবং রপ্তানির প্রকৃতি ও পরিমাণের বিস্তার ঘটানোর লক্ষ্যে বাংলাদেশের পণ্য ও সেবা রপ্তানিতে নিয়োজিত ব্যক্তি এবং রপ্তানিমুখী প্রতিষ্ঠানের উদ্যোক্তা বা সংস্থার ও বাণিজ্য সংগঠনসমূহের নির্বাচিত দেশী ও বিদেশী প্রতিনিধিদের উৎসাহ ও প্রণোদনা প্রদান এবং দেশের ব্যবসা-বাণিজ্য উন্নয়ন ও সম্প্রসারণসহ পণ্য বা সেবা রপ্তানি বৃদ্ধিতে যে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার উল্লেখযোগ্য অবদান রয়েছে তাদের উদ্যোক্তাকে যথোপযুক্ত রাষ্ট্রীয় সম্মান প্রদানপূর্বক বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে ঘোষণা করার নিমিত্ত 'সিআইপি (রপ্তানি ও ট্রেড) নীতিমালা-২০২৩' জারি করা হলো।

১. **সংক্ষিপ্ত শিরোনাম:** এই নীতিমালা 'সিআইপি (রপ্তানি ও ট্রেড) নীতিমালা-২০২৩' নামে অভিহিত হবে।

২. এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত সিআইপি (রপ্তানি ও ট্রেড)-গণ দুইটি ক্যাটাগরিতে বিভক্ত হবেন, যথা: (ক) সিআইপি (রপ্তানি) এবং (খ) পদাধিকারবলে সিআইপি (ট্রেড)। পণ্য ও সেবার রপ্তানি আয়ের ভিত্তিতে নির্বাচিত সিআইপিগণ 'সিআইপি (রপ্তানি)' এবং পদাধিকারবলে নির্বাচিত সিআইপিগণ 'সিআইপি (ট্রেড)' হিসেবে পরিচিত হবেন।


**মূল্য :** টাকা ১২·০০

**৩. সিআইপি (পণ্য ও সেবা) এর সংখ্যাঃ**

(১) বার্ষিক রপ্তানি আয়ের ভিত্তিতে খাতভিত্তিক বাংলাদেশে নিবন্ধিত দেশী/বিদেশী রপ্তানিকারকগণ সিআইপি (রপ্তানি) নির্বাচিত হবেন;

(২) সিআইপি (রপ্তানি) এর জন্য নিম্নলিখিত আয়স্তর অনুসারে সিআইপি (রপ্তানি)'র সংখ্যা নির্ধারিত হবে;

(ক) ৫০ মিলিয়নের অধিক রপ্তানি আয়ের ক্ষেত্রে খাতভিত্তিক সর্বোচ্চ ৫ জন সিআইপি (রপ্তানি) নির্বাচিত হবেন;

(খ) ১০ মিলিয়ন থেকে ৫০ মিলিয়ন পর্যন্ত রপ্তানির আয়ের ক্ষেত্রে খাতভিত্তিক সর্বোচ্চ ৪ জন সিআইপি (রপ্তানি) নির্বাচিত হবেন;

(গ) ১০ মিলিয়নের কম রপ্তানির আয়ের ক্ষেত্রে খাতভিত্তিক সর্বোচ্চ ৩ জন সিআইপি (রপ্তানি) নির্বাচিত হবেন।

**(৪) সিআইপি (ট্রেড)-এর সংখ্যাঃ**

বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর আওতায় প্রণীত বিধিমালায় বর্ণিত অথবা বিদ্যমান নীতিমালায় বর্ণিত এফবিসিসিআই'র বোর্ড অব ডিরেক্টরস এর পরিচালকগণ সিআইপি (ট্রেড) নির্বাচিত হবেন।

**৫. (ক) সিআইপি (রপ্তানি) এর খাতভিত্তিক বিভাজন ও ন্যূনতম রপ্তানি আয়:**

সিআইপি (রপ্তানি)' প্রাপকগণ নিম্নলিখিত ছকে বর্ণিত ৩৫ (পঁয়ত্রিশ) পণ্য ও সেবা খাতে বিভাজন করা হলো। প্রতিটি পণ্য ও সেবা খাতের বিপরীতে উল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় অর্জনকারী রপ্তানিকারকগণ সিআইপি (রপ্তানি)-এর জন্য আবেদন করতে পারবেন। যথা:

| **ক্রমিক নং** | **পণ্য ও সেবা খাত** | **ন্যূনতম বার্ষিক আয় (মিলিয়ন মার্কিন ডলার)** |
|---|---|---|
| | **পণ্য খাত** | |
| ১. | কাঁচা পাট | ৫.০০ |
| ২. | পাটজাত দ্রব্য (জুট ইয়ার্ন ও টোয়াইন, জুট কার্পেট, জুট ম্যানুফেকচারার্স) | ১০.০০ |
| ৩. | বহুমুখী (ডাইভারসিফাইড) পাটজাত পণ্য (ফ্যাশনেবল জুতা ও ব্যাগ, জুট জিও টেক্স ইত্যাদি) | ২.০০ |
| ৪. | চামড়া (ক্রাস্ট/ফিনিশড) | ১০.০০ |
| ৫. | চামড়াজাত দ্রব্য (চামড়ার জুতা, অচামড়াজাত জুতা, ব্যাগ, ওয়ালেট, বেল্ট, জ্যাকেট ইত্যাদি) | ৪.০০ |

| ক্রমিক নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম বার্ষিক আয় (মিলিয়ন মার্কিন ডলার) |
|---|---|---|
| ৬. | হিমায়িত খাদ্য, জীবিত ও বরফায়িত মাছ | ১০.০০ |
| ৭. | চা | ১.০০ |
| ৮. | তৈরি পোশাক (ওভেন) | ৭০.০০ |
| ৯. | কৃষিজ পণ্য (তামাক ব্যতীত) | ১.০০ |
| ১০ | এগ্রোপ্রসেসিং পণ্য (প্রসেসড, জ্যাম, জেলী, আচার, মশলা, চিপস, চিড়া, মুড়ি জাতীয় পণ্য) (তামাক ব্যতীত) | ১.০০ |
| ১১. | সাইকেল ও বাইসাইকেল এবং মোটর সাইকেল/অটোমোবাইল পার্টস/ অন্যান্য মোটর গাড়ী | ৪.০০ |
| ১২. | একুমুলেটরস এন্ড ব্যাটারি | ১.০০ |
| ১৩. | ফার্মাসিউটিক্যাল প্রোডাক্টস্/ স্বাস্থ্য ও সুরক্ষা সামগ্রী | ৫.০০ |
| ১৪. | হস্তশিল্পজাত ও কারুপণ্য | ১.০০ |
| ১৫. | স্পেশালাইজড টেক্সটাইল/হোম টেক্সটাইল (বাথ রোব, ডোর কার্টেন, কুশন কভার, বেড শীট, বেড কভার, পিলো কাভার ইত্যাদি) | ৫৫.০০ |
| ১৬. | তৈরি পোশাক (নীটওয়্যার) | ৭০.০০ |
| ১৭. | সকল ধরনের সুতা (ডেনিম ব্যতীত) ও ম্যান মেড ফাইবার | ৩০.০০ |
| ১৮. | ডেনিম ফেব্রিক্স ও ডেনিম তৈরি পোশাক | ২০.০০ |
| ১৯. | টেরিটাওয়েল | ৫.০০ |
| ২০. | ফুল-ফলিয়েজ | ১.৫০ |
| ২১. | সকল ধরনের ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স পণ্য | ৮.০০ |
| ২২. | প্রিন্টিং ও প্যাকেজিং পণ্য | ৪.০০ |
| ২৩. | গার্মেন্টস এক্সেসরিজ পণ্য | ৪.০০ |
| ২৪. | সিরামিক পণ্য ও মেলামাইন পণ্য | ১.৫০ |
| ২৫. | প্লাস্টিকজাত পণ্য | ১.০০ |
| ২৬. | টেক্সটাইল ফেব্রিক্স | ১৫.০০ |
| ২৭. | জাহাজ ও সমুদ্রগামী ফিশিং ট্রলার | ২০.০০ |

| ক্রমিক নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম বার্ষিক আয় (মিলিয়ন মার্কিন ডলার) |
|---|---|---|
| ২৮. | আসবাবপত্র | ৩.০০ |
| ২৯. | নারী উদ্যোক্তা কর্তৃক রপ্তানিকৃত পণ্য ও সেবা | ১.০০ |
| ৩০. | বিবিধ পণ্য (জুয়েলারী, হ্যাট ও ক্যাপ, টয়লেট্রিজ, খেলনা এবং অন্যান্য) | ১.০০ |
| ৩১. | কম্পিউটার হার্ডওয়্যার ও কম্পিউটার পেরিফেরালস | ২.০০ |
| | **সেবা খাত** | |
| ৩২. | কনসালটেন্সি ও মেইনটেনেন্স | ৫.০০ |
| ৩৩. | সফটওয়্যার ও আইসিটি এনাবল সার্ভিসেস | ১.০০ |
| ৩৪. | ট্যুরিজম এন্ড হসপিটালিটি | ৫.০০ |
| ৩৫ | অন্যান্য সেবা খাত (ইন্ডেনটিং, বায়িং হাউস, ফ্রি ল্যান্সিং, আউটসোর্সিং, ব্যাংকিংসহ বিদ্যমান রপ্তানি নীতি অনুযায়ী) | ৫.০০ |

(খ) প্রতি বছর সিআইপি (রপ্তানি) নির্বাচনকালে প্রাপ্ত আবেদনের সংখ্যা এবং আবেদনকারীদের অর্জিত রপ্তানি আয়েরভিত্তিতে অনুচ্ছেদ ৩(২) অনুসারে পণ্য ও সেবা খাতভিত্তিক বিভাজনপূর্বক নির্বাচন করবে।

**৬. সিআইপি (রপ্তানি) নির্বাচনের মানদন্ড:**

(ক) একটি ক্যালেন্ডার বছরের জন্য সিআইপি নির্বাচনকালে পূর্ববর্তী অর্থবছরের রপ্তানি আয় বিবেচনা করা হবে। রপ্তানি আয় সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক Proceeds Realisation Certificate (PRC) এর ভিত্তিতে আবেদনকারীদের রপ্তানি আয় বিবেচনা করা হবে। আবেদনকারী কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা আবেদনের সাথে বিবেচ্য অর্থবছরের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত PRC সমূহের আয়ের যোগফলের প্রত্যয়নপত্র দাখিল করবে;

(খ) রপ্তানিকারক বিবেচ্য অর্থবছরে কোনো নতুন বাজার সম্প্রসারণে সক্ষম হয়েছেন কিনা তা বিবেচনা করা হবে (EU, USA, Canada ব্যতীত); এবং

(গ) রপ্তানির পরিমাণ এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় পরীক্ষাপূর্বক চূড়ান্ত বাছাই কমিটি সিআইপি নির্বাচনের সুপারিশ করবে।

**৭. সিআইপি (রপ্তানি) নির্বাচনের যোগ্যতা ও অযোগ্যতা:**

**(১) যোগ্যতা:**

(ক) ন্যূনতম রপ্তানি আয় থাকলে ৩৫টি পণ্য ও সেবা খাতের মধ্য হতে এক বা একাধিক খাতের জন্য বাংলাদেশে নিবন্ধিত দেশী/বিদেশী পণ্য ও সেবা রপ্তানি সম্পৃক্ত কোনো একক ব্যক্তি, অংশীদারি ব্যবসা প্রতিষ্ঠানের মনোনীত অংশীদার এবং কোম্পানি আইন ১৯৯৪ (সর্বশেষ সংশোধনীসহ) বা এ সময়ে বলবৎ কোম্পানি আইন অনুসারে গঠিত কোম্পানির চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মনোনীত পরিচালক/প্রধান নির্বাহী সিআইপি (রপ্তানি) নির্বাচিত হবার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন;

(খ) ই-জেড এবং ইপিজেডভূক্ত এলাকায় রপ্তানিকারকগণ তাদের রপ্তানি পণ্য ও সেবা রপ্তানির নিরিখে নীতিমালার অনুচ্ছেদ-৫ এ বর্ণিত খাত ও ন্যূনতম রপ্তানি আয়ের নিরিখে আবেদন করতে পারবেন।

**(২) অযোগ্যতা:**

(ক) আবেদনকারী ঋণখেলাপী হলে কিংবা তার থেকে সরকারের রাজস্ব (আয়কর ও মূল্য সংযোজন কর) বকেয়া পাওনা থাকলে তিনি সিআইপি (রপ্তানি) নির্বাচনের জন্য বিবেচিত হবেন না। যে বছরের জন্য সিআইপি নির্বাচন করা হবে তার পূর্ববর্তী অর্থবছর পর্যন্ত সংশ্লিষ্ট আবেদনকারী ঋণখেলাপী ও অর্থ পাচার মামলা সংক্রান্ত তথ্য, রাজস্ব (আয়কর ও মূল্য সংযোজন কর) বকেয়া সংক্রান্ত তথ্য যথাক্রমে বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ড তাদের প্রতিবেদনে তা নিশ্চিত করবে। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে রাজস্ব (আয়কর ও মূল্য সংযোজন কর) বকেয়া নেই মর্মে জাতীয় রাজস্ব বোর্ড এবং অর্থ পাচার মামলা ও ঋণখেলাপী নয় মর্মে প্রতিষ্ঠান/সংস্থা নিজ দপ্তরের প্যাডে ঘোষণাপত্র সংযোজন করবে। ঋণখেলাপী ও অর্থ পাচার মামলার বিষয়ের বাণিজ্য মন্ত্রণালয় বাংলাদেশ ব্যাংক থেকে তথ্য সংগ্রহ করবে;

(খ) তবে আয়কর ও মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলা সংশ্লিষ্ট অ্যাপিলেট ট্রাইব্যুনালে/উচ্চ আদালতে বিচারাধীন থাকলে সে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার আবেদন বিবেচনা করা যাবে;

(গ) ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার খেলাপী বা অনাদায়ী ব্যাংক ঋণ সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ আদালতে মামলা বিচারাধীন থাকলে সে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার আবেদন বিবেচনা করা যাবে;

(ঘ) আবেদনকারী বৈদেশিক ক্রেতার সাথে বাণিজ্য বিরোধ সমাধানে আগ্রহী না হলে বা দীর্ঘসূত্রিতার পথ অবলম্বন করলে তিনি সিআইপি (রপ্তানি) নির্বাচনের জন্য অযোগ্য বিবেচিত হবেন;

(ঙ) আবেদনকারীকে আবেদনপত্রের সাথে তার প্রতিষ্ঠান পরিবেশ দূষণকারী নয় মর্মে প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। পরিবেশ দূষণের দায়ে দন্ডিত ব্যক্তি/প্রতিষ্ঠান দন্ডাদেশের পরবর্তী ০৫ বছরের জন্য সিআইপি (রপ্তানি) নির্বাচনের অযোগ্য হবেন;

(চ) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত অথবা অন্য কোনো কারণে অবাঞ্ছিত বিবেচিত ব্যক্তি সিআইপি (রপ্তানি) নির্বাচিত হবার যোগ্য হবেন না। তবে সাজা ভোগ করার ৫ (পাঁচ) বছর অতিবাহিত হওয়ার পর সাজা প্রাপ্ত ব্যক্তি সিআইপি (রপ্তানি) নির্বাচনের যোগ্য বলে বিবেচিত হবেন;

(ছ) সিআইপি (রপ্তানি) হিসেবে আবেদনকারি ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে এবং তা প্রমাণিত হলে ঐ আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বছর সিআইপি (রপ্তানি) নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না। এছাড়াও সিআইপি (রপ্তানি) হিসেবে নির্বাচিত ব্যক্তির প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে তার মনোনয়ন বাতিল করা হবে এবং পরবর্তী ৩ (তিন) বছর সিআইপি (রপ্তানি) হিসেবে মনোনয়ন পাবেন না; এবং

(জ) সিআইপি (রপ্তানি)-এর আবেদনপত্রে আবেদনকারীকে তার পিতা ও মাতার পূর্ণ নাম, Taxpayer Identification Number (TIN) এবং Business Identification Number (BIN) উল্লেখ করতে হবে এবং তাতে কোনো অবস্থাতেই সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাবে না। কোনো প্রকার সংক্ষিপ্ত নাম ব্যবহার করলে (যথা: গোলাম মাওলা খান এর পরিবর্তে "জিএম খান" লিখলে) তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮. **(১) সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচন কমিটি:**

বাণিজ্য মন্ত্রণালয় ২ (দুই)টি কমিটির মাধ্যমে 'সিআইপি (রপ্তানি ও ট্রেড)' নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবে।

(ক) **প্রাথমিক বাছাই কমিটি:** উক্ত কমিটির মাধ্যমে সিআইপি (রপ্তানি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবে।

| | |
|---|---|
| (১) মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা | সভাপতি |
| (২) বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| (৩) জাতীয় রাজস্ব বোর্ড (আয়কর ও মূসক) এর প্রতিনিধি | সদস্য |
| (৪) সংশ্লিষ্ট যুগ্মসচিব/উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৫) এফবিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| (৬) পরিচালক (পণ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য সচিব |

প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশসহ চূড়ান্ত বাছাই কমিটি বরাবরে তালিকা দাখিল করবে।

(খ) **চূড়ান্ত বাছাই কমিটি:** উক্ত কমিটির মাধ্যমে ‘সিআইপি (রপ্তানি ও ট্রেড)’ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবে।

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয় | সভাপতি |
| (২) মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (৩) সংশ্লিষ্ট যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৪) মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| (৫) জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) জাতীয় রাজস্ব বোর্ডের (আয়কর ও মূসক) প্রতিনিধি | সদস্য |
| (৭) বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| (৮) পরিচালক (পণ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (৯) এফবিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| (১০) সংশ্লিষ্ট উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য সচিব |

(২) **পদাধিকারবলে সিআইপি (ট্রেড) নির্বাচন কমিটি:**

এ নীতিমালার ৮(১)(খ) বিধানে উল্লিখিত বাণিজ্য মন্ত্রণালয়ের চূড়ান্ত বাছাই কমিটি সিআইপি (ট্রেড) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবে;

(৩) চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক প্রণীত সুপারিশ মাননীয় বাণিজ্যমন্ত্রীর অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ এর আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর সিআইপি (রপ্তানি ও ট্রেড) কার্ড মাননীয় বাণিজ্যমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হবে।

৯. **সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচন সংক্রান্ত অন্যান্য বিষয়:**

(১) সিআইপি (রপ্তানি ও ট্রেড)-এর তালিকা প্রস্তুত করে চূড়ান্ত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, জননিরাপত্তা বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড হতে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। এ বিষয়ে তথ্য/মতামত চেয়ে পত্র প্রেরণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে সংশ্লিষ্ট দপ্তরের কোনো অভিযোগ নেই বলে বিবেচিত হবে;

(২) গ্রুপভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান একই পণ্য ও সেবা রপ্তানি করলে ঐ সকল প্রতিষ্ঠানের পক্ষে মাত্র একজন সিআইপি (রপ্তানি)’র জন্য আবেদন করতে পারবেন;

(৩) একক মালিকানাধীন লিমিটেড/পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারি, অংশীদারি ফার্মের ক্ষেত্রে মনোনীত অংশীদার এবং কোম্পানির ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/চীফ এক্সিকিউটিভ অফিসার/ মনোনীত পরিচালক সিআইপি (রপ্তানি)'র জন্য আবেদন করতে পারবেন;

(৪) কোনো ব্যক্তি একই বছরে, একই সাথে একাধিক খাত হতে সিআইপি (রপ্তানি) বা সিআইপি (ট্রেড) বা সিআইপি (এনআরবি) বা সিআইপি (শিল্প) নির্বাচিত হলে চূড়ান্ত বাছাই কমিটি যে কোনো একটির জন্য তাকে সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচনের সুপারিশ করবে;

(৫) সিআইপি (রপ্তানি)'র জন্য প্রচলিত আবেদনপত্রে প্রয়োজনীয় পরিবর্তন এবং নতুন কলাম সংযোজন করা যাবে। যেমন: আবেদনকারী অন্য কোনো খাতে সিআইপি নির্বাচনের জন্য আবেদন করেছেন কিনা;

(৬) সিআইপি (ট্রেড) নির্বাচনের ক্ষেত্রে নূতন পদাধিকারি দায়িত্বভার গ্রহণের সাথে সাথে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন সরাসরি বাণিজ্য মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করবে। এ নীতিমালায় বর্ণিত নির্বাচন প্রক্রিয়া সম্পাদন করে তাদেরকে সিআইপি (ট্রেড) কার্ড প্রেরণ করা হবে। তবে, এক্ষেত্রে আনুষ্ঠানিকতা ছাড়াই কার্ড বিতরণ করা যাবে; এবং

(৭) কোনো অবস্থাতেই নির্ধারিত সময়ের পর সিআইপি (রপ্তানি) মনোনয়নের জন্য আবেদনপত্র বিবেচনা করা হবে না।

**১০. সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচন ক্যালেন্ডার:**

নিম্নবর্ণিত "ক্যালেন্ডার" মোতাবেক সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হবে:

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচী |
|---|---|---|
| ক | বাণিজ্য মন্ত্রণালয়/রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার এবং দরখাস্ত আহবান ও গ্রহণ | যে বছরের সিআইপি ঘোষিত হবে তার পূর্ববর্তী বছরের ০১ আগস্ট হতে ৩১ আগস্ট |
| খ | প্রাথমিক বাছাই কমিটির কার্যক্রম (বাণিজ্য বিরোধ বিবেচনাসহ) | ১ সেপ্টেম্বর হতে ১৫ সেপ্টেম্বর |
| গ | চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ এবং সিআইপি (রপ্তানি ও ট্রেড) এর তালিকা ছাড়পত্রের জন্য জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ | ১৬ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর |

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচী |
|---|---|---|
| ঘ | জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ড থেকে ছাড়পত্র বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ | ১ অক্টোবর হতে ৩১ অক্টোবর |
| ঙ | বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচন প্রক্রিয়া চূড়ান্তকরণ | ১ নভেম্বর হতে ১৫ নভেম্বর |
| চ | মন্ত্রিপরিষদ বিভাগের বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) রপ্তানি নির্বাচন কমিটির সুপারিশের জন্য তালিকা প্রেরণ | ১৬ নভেম্বর হতে ৩০ নভেম্বর |
| ছ | মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য প্রেরণ | ১ ডিসেম্বর হতে ১৫ ডিসেম্বর |
| জ | সিআইপি (রপ্তানি ও ট্রেড) কার্ড বিতরণ | ১৬ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর |

**১১. প্রজ্ঞাপন জারি:**

নির্বাচিত সিআইপি (রপ্তানি ও ট্রেড)-গণের তালিকা প্রজ্ঞাপন জারির মাধ্যমে সরকারি গেজেটে প্রকাশ করা হবে।

**১২. সিআইপি (রপ্তানি ও ট্রেড)-এর প্রাপ্য সুযোগ-সুবিধা:**

সিআইপি (রপ্তানি ও ট্রেড)-গণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাবেন, যথা:

(১) একজন সিআইপি (রপ্তানি ও ট্রেড)গণ প্রদত্ত সুবিধাদি তার মেয়াদকাল পর্যন্ত বহাল থাকবে;

(২) সিআইপি (রপ্তানি ও ট্রেড)গণ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশ ও গাড়ীর স্টিকার পাবেন;

(৩) বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ও মিউনিসিপ্যাল কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাবেন;

(৪) ব্যবসা সংক্রান্ত ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জল পথে সরকারি যানবাহনে আসন সংরক্ষণে অগ্রাধিকার পাবেন;

(৫) একজন সিআইপি (রপ্তানি ও ট্রেড)গণ ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশে ভ্রমণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ভিসা প্রাপ্তির নিমিত্ত সংশ্লিষ্ট দূতাবাসকে উদ্দেশ্য করে Letter of Introduction প্রদান করবে;

(৬) একজন সিআইপি (রপ্তানি ও ট্রেড) তার স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন; এবং

(৭) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের সুবিধা পাবেন।

**১৩. সিআইপি (রপ্তানি ও ট্রেড) এর মেয়াদ:**

(ক) সিআইপি (রপ্তানি ও ট্রেড) এর মেয়াদ ১ (এক) বছর হবে। ১ (এক) বছর অতিক্রান্ত হওয়ার পর পরবর্তী বছরের সিআইপি ঘোষণা না হওয়া পর্যন্ত সিআইপি (রপ্তানি ও ট্রেড)-এর মেয়াদ বলবৎ থাকবে;

(খ) সিআইপি (রপ্তানি ও ট্রেড) কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার পর এক সপ্তাহের মধ্যে তা বাণিজ্য মন্ত্রণালয়ে জমা দিতে হবে; এবং

(গ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কাউকে প্রদত্ত সিআইপি (রপ্তানি ও ট্রেড) সুবিধাদি প্রত্যাহার করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

**১৪। নীতিমালা পরিবর্তন/সংশোধন:**

সময়ে সময়ে নীতিমালা পর্যালোচনাপূর্বক সংশোধন করা যাবে। নীতিমালার যে কোনো পরিবর্তন/সংশোধন গেজেট আকারে প্রকাশ করতে হবে। এক্ষেত্রে নীতিমালা সংশোধন প্রক্রিয়া চলমান থাকলে বিদ্যমান নীতিমালা অনুযায়ী সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচন করতে হবে এবং সিআইপি কার্ড প্রদান করা হবে।

**১৫। বাতিলকরণ, পুনরুদ্ধার:**

সরকার যে কোনো ব্যক্তিকে প্রদত্ত সিআইপি কার্ড বাতিল করতে পারবে এবং এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি প্রাপ্ত সিআইপি কার্ড সরকারের নিকট প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবে। তবে সরকার যথাযথ বলে বিবেচনা করলে বাতিলকৃত সিআইপি কার্ড পুনঃপ্রদান করতে পারবেন।

**১৬। গেজেট বিজ্ঞপ্তি:**

সিআইপি (রপ্তানি ও ট্রেড) নির্বাচন ও সিআইপি (রপ্তানি ও ট্রেড) কার্ড প্রদান, বাতিলকরণ বা পুনরুদ্ধার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করতে হবে।

**১৭। কার্যকরকরণ:**

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

**১৮। রহিতকরণ:**

সিআইপি (রপ্তানি ও ট্রেড) নীতিমালা-২০২৩ প্রবর্তনের উদ্দেশ্যে ৩০ অক্টোবর, ২০১৩ সালের বাম/সিই/১(১১১)/ সিআইপি নীতিমালা/র-৩/২০১০/৬১৭- নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে জারীকৃত সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ রহিত করা হলো। উক্তরূপ বাতিল হওয়া সত্ত্বেও উক্ত নীতিমালার আওতায় গৃহীত কার্যক্রম অনিষ্পন্ন থাকলে তা এমনভাবে নিষ্পন্ন করা হবে যেন তা এই নীতিমালার আওতায় গৃহীত হয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তপন কান্তি ঘোষ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd